

বৃষ্টিশেষের হাওয়া কিসের খোঁজে বইছে ধীরে ধীরে ।
 গুঞ্জরিয়া কেন বেড়ায় ও যে বুকের শিরে শিরে ॥
 অলখ তারে বাঁধা অচিন বীণা ধরার বক্ষে রহে নিত্য লীনা— এই হাওয়া
 কত যুগের কত মনের কথা বাজায় ফিরে ফিরে ॥
 ঋতুর পরে ঋতু ফিরে আসে বসুন্ধরার কুলে
 চিহ্ন পড়ে বনের ঘাসে ঘাসে ফুলের পরে ফুলে ।
 গানের পরে গানে তারি সাথে কত সুরের কত যে হার গাঁথে— এই হাওয়া
 ধরার কণ্ঠ বাণীর বরণমালায় সাজায় ঘিরে ঘিরে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra/Khemta, Raag: Pilu-Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail